**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 02-06-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) কৃষিমন্ত্রী রতনলাল নাথ জানিয়েছেন, ধান ও অন্যান্য ফসল উৎপাদনে রাজ্য উন্নতি করছে ।**

**(২) রাজ্যে অতি বর্ষণের ফলে উদ্ভুত পরিস্থিতির দিকে সজাগ দৃষ্টি রেখে চলেছে প্রশাসন |**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন যে ভারতের বিমান পরিবহন ক্ষেত্র, বিশ্বব্যাপী বিমান পরিবহন শিল্পে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে |**

**(৪) আগামী ২৪ ঘন্টায় রাজ্যের পশ্চিম, খোয়াই এবং দক্ষিণ জেলায় বিক্ষিপ্তভাবে ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাতের সর্তকতা জারি করেছে আবহাওয়া দপ্তর ।**

****************************************

**Vikshit Krishi Campaign :**

কৃষিমন্ত্রী রতনলাল নাথ জানিয়েছেন, ধান ও অন্যান্য ফসল উৎপাদনে রাজ্য উন্নতি করছে। রাজ্য সরকার কৃষকদের পাশে আছে। বিকশিত কৃষি সংকল্প অভিযানের পঞ্চম দিনে আজ কৃষিমন্ত্রী ধলাই জেলার ছামনু বিধানসভার ময়নামা গ্রামে আয়োজিত বিকশিত কৃষি সংকল্প অভিযান কর্মসূচিতে কৃষকদের সঙ্গে মতবিনিময় করেন। শ্রী নাথ বলেন, সরকারি বিভিন্ন প্রকল্প নিয়ে গোটা দপ্তর যে কৃষকদের পাশে রয়েছে, এই বিশ্বাস তাদের মধ্যে জন্ম নিয়েছে। কৃষিই একদিন এই এলাকার উন্নয়নের মূল চাবিকাঠি হবে। তিনি আরও বলেন, রাজ্যের উর্বর মাটি ব্যবহার করে এবং বিজ্ঞানীদের পরামর্শ নিয়ে কৃষিতে উন্নতি করা হচ্ছে। তিনি বলেন,

ধান, দুগ্ধ, মৎস্য ও ডিম উৎপাদনে রাজ্য স্বয়ম্ভর হচ্ছে। কিন্তু ভোজ্য তেল উৎপাদন যথেষ্ট নয়। এই কারনে ভোজ্য তেলে স্বয়ম্ভর হওয়ার জন্য সরকার পরিকল্পনা করছে। অনুষ্ঠানে বিধায়ক শম্ভুলাল চাকমা সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

****************************

**Rajib Bhattacharjee :**

রাজ্যে অতি বর্ষণের ফলে উদ্ভুত পরিস্থিতির দিকে সজাগ দৃষ্টি রেখে চলেছে প্রশাসন। সাংসদ রাজীব ভট্টাচার্য আজ বনমালীপুর মন্ডলের অন্তর্গত ধলেশ্বর স্থিত স্বামী দয়ানন্দ স্কুলের ত্রাণ শিবির পরিদর্শন করেন। তিনি শিবিরে আশ্রিত মানুষদের সমস্যা সম্পর্কিত বিষয়ে খোঁজখবর নেন এবং তা অবিলম্বে নিরসনের আশ্বাস দেন। তিনি বলেন, যেকোনো অবহেলার তদন্ত করা হবে এবং তাৎক্ষণিকভাবে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। আগরতলা পুর নিগমের অন্তর্গত ২৩ নম্বর ওয়ার্ডে হরিজন কলোনী ফ্লাড পাম্প হাউস পরিদর্শন করেন তিনি।

****************************

**Mayor Visit :**

আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার আজ বন্যার জলে ক্ষতিগ্রস্ত এলাকাগুলি পরিদর্শন করেন। তিনি রামনগর বিধানসভা কেন্দ্রের বিভিন্ন এলাকা ঘুরে দেখেন এবং স্থানীয় বাসিন্দাদের সঙ্গে কথা বলে তাদের সমস্যা সম্পর্কে অবগত হন। এলাকাবাসীর অভাব-অভিযোগ শুনে মেয়র সংশ্লিষ্ট দপ্তরগুলিকে দ্রুত পদক্ষেপ নেবার নির্দেশ দেন। মেয়র জানান, ক্ষতিগ্রস্ত এলাকায় দ্রুত স্বাভাবিক অবস্থা ফিরিয়ে আনার জন্য প্রশাসনের তরফে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।

***************************

**Pakage Story-Flood Situation :**

গত কয়েকদিনের ভারী বর্ষণে আগরতলা সহ রাজ্যের বিভিন্ন স্থানে ত্রাণ শিবির খোলা হয়েছে। রাজ্য প্রশাসনিক আধিকারিকরা এই বিষয়ের সজাগ দৃষ্টি রেখে চলেছেন। এই পরিস্থিতিতে রাজ্যবাসীকে সরকারি নীতি নির্দেশিকা মেনে চলার আহ্বান জানানো হয়েছে। এখন শুনবেন এ বিষয়ে একটি বিশেষ প্রতিবেদন।

########VC#######

****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

*****************************

**PM, IATA :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন যে ভারতের বিমান পরিবহন ক্ষেত্র, বিশ্বব্যাপী বিমান পরিবহন শিল্পে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে এবং আজ এটি আত্মবিশ্বাসে পরিপূর্ণ। আজ নতুনদিল্লির ভারত মণ্ডপমে আন্তর্জাতিক বিমান পরিবহন সমিতি, IATA'র ৮১তম বার্ষিক সাধারণ সভায় ভাষণে একথা বলেন। প্রধানমন্ত্রী বলেন যে ভারত বিশ্বব্যাপী মহাকাশ-বিমান সমন্বয়ে একটি অগ্রণী শক্তি হিসেবে আবির্ভূত হচ্ছে। শ্রী

মোদী বলেন যে উড়ান প্রকল্পের সাফল্য ভারতীয় অসামরিক বিমান পরিবহনের ক্ষেত্রে একটি স্বর্ণযুগ এবং এখন ভারত বিশ্বের তৃতীয় বৃহত্তম অভ্যন্তরীণ বিমান পরিবহন বাজারে পরিণত হয়েছে। তিনি আরও বলেন যে ভারত কেবল বিশ্বব্যাপী বিমান পরিবহন বাস্তুতন্ত্রের একটি বিশাল বাজার নয় বরং এটি নীতিগত নেতৃত্ব, উদ্ভাবন এবং অন্তর্ভুক্তিমূলক উন্নয়নের প্রতীকও।

######Byte-PM########

অনুষ্ঠানে অসামরিক বিমান পরিবহন মন্ত্রী কে রামমোহন নাইডু বলেন, সরকার আগামী পাঁচ বছরে দেশে আরও ৫০টি বিমানবন্দর গড়ে তোলার জন্য প্রতিশ্রুতিবদ্ধ।

**************************

**River Water Decreasing :**

ঊনকোটি জেলার কৈলাশহর ও কুমারঘাট মহকুমায় বন্যা পরিস্থিতির যথেষ্ট উন্নতি হয়েছে। দেও ও মনু নদীর জল কমছে। সরকারী ত্রাণ শিবির থেকে মানুষ নিজ নিজ বাড়িঘরে ফিরতে শুরু করেছেন। বর্তমানে মোট ১৩টি ত্রাণ শিবিরে ১০৪৪ জন বন্যাদুর্গত মানুষ রয়েছেন। শিবিরগুলোতে রান্না করা খাবার বিতরণ করা হচ্ছে। স্বাস্থ্য দপ্তর থেকে শিবিরবাসীদের প্রয়োজনীয় চিকিৎসা করে বিনামূল্যে ঔষধপত্র দেয়া হচ্ছে। বিশুদ্ধ পানীয় জলের ব্যবস্থা করা হয়েছে শিবিরগুলোতে। মনে করা হচ্ছে, এবারের বন্যায় গ্রীষ্মকালীণ শাক-সব্জী, ঝিঙ্গা, মরিচ এগুলির ইত্যাদি ক্ষতির সম্ভাবনা বেশি। কৈলাশহরের মহকুমা শাসক প্রদীপ সরকার জানিয়েছেন, বন্যার জল পুরোপুরি সরে গেলে ক্ষয়ক্ষতি নিরুপণের কাজ করবে প্রশাসন।

**************************

**CPIM :**

সিপিআইএম দলের পক্ষ থেকে আজ সিপাহীজলা জেলার সোনামুড়া মহকুমার মহকুমা শাসকের কাছে ৪ দফা দাবির ভিত্তিতে ডেপুটেশন প্রদান করা হয়।

দাবিগুলির মধ্যে রয়েছে, সোনামুড়া শহর এলাকার নর্দমা সংস্কার ও পরিষ্কার করা, পানীয়জল ও বিদ্যুতের সমস্যা দূরীকরন সোনামুড়া শহর ও শহরতলীর রাস্তাঘটের উন্নয়ন ইত্যাদি। এই উপলক্ষে সিপিআইএম নেতা কর্মীদের একটি মিছিলের পর দলীয় নেতা অহিদুর রহমানের নেতৃত্বে সাত সদস্যক প্রতিনিধি দল মহকুমা শাসকের কাছে ডেপুটেশন প্রদান করেন। ডেপুটেশন প্রদান কালে, বিধায়ক শ্যামল চক্রবর্তী, দলের সিপাহীজলা জেলা সম্পাদক রতন সাহা প্রমুখ উপস্থিত ছিলেন।

*****************************

**Disaster Management-Khowai :**

খোয়াই মহকুমা শাসকের কার্যালয়ের কনফারেন্স হলে আজ প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলা বিষয়ক এক বৈঠক অনুষ্ঠিত হয়। খোয়াই মহকুমার মহকুমা শাসক চারু ভার্মার সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন। সভায় মহকুমা শাসক বিপর্যয় মোকাবিলার ক্ষেত্রে সমন্বয় বজায় রেখে কাজ করার উপর গুরুত্ব আরোপ করেন।

***********************

**Road safety :**

নতুনদিল্লির সেন্ট্রাল রোড রিসার্চ ইনস্টিটিউট-এর সহায়তায় এবং স্কুল অব লজিস্টিকস, ওয়াটারওয়েজ এন্ড কম্যুনিকেশনের উদ্যোগে " রোড সেফটি অডিট "- শীর্ষক পাঁচ দিনের এক কর্মশালা আজ থেকে অরুন্ধতিনগরের সিপার্ডে শুরু হয়েছে। এই কর্মশালার সূচনা করেন সি,আর,আর, আই-এর অধিকর্তা অধ্যাপক মনোরঞ্জন পারিদা। তিনি তাঁর বক্তব্যে পথ দুর্ঘটনা প্রতিরোধে আধুনিক প্রযুক্তি ব্যবহারের পাশাপাশি ব্যাপক জন সচেতনতার উপর গুরুত্ব আরোপ করেন। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন রাজ্য পরিবহণ দপ্তরের অতিরিক্ত অধিকর্তা সুব্রত চৌধুরী, সি,আর, আর,আই-এর মুখ্য বৈজ্ঞানিক ডক্টর এস, ভেলমুরুগান, স্কুল অব লজিস্টিকস-এর প্রধান সুশান্ত দত্ত প্রমুখ। এই কর্মশালায় রাজ্যের পূর্ত, পরিবহণ ও ট্রাফিক দপ্তরের প্রকৌশলী ও আধিকারিকগণ উপস্থিত ছিলেন।

****************************

**Covid-19 :**

দেশজুড়ে কোভিড-১৯ এর তিন হাজার নয়শো ষাটজনেরও বেশি রোগী সনাক্ত করা হয়েছে। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক জানিয়েছে, কেরালায় সর্বোচ্চ চৌদ্দশ ৩৫টি কেস রেকর্ড করা হয়েছে, তারপরে মহারাষ্ট্রে ৫০৬টি এবং দিল্লিতে ৪৮৩টি কেস রেকর্ড করা হয়েছে।

****************************

**Blood Donation :**

খোয়াই জেলা প্রশাসন কার্যালয়ে আজ এক রক্তদান শিবিরের আয়োজন করা হয়। শিবিরে জেলা শাসক সহ এই কার্যালয়ের মোট ২৫ জন স্বেচ্ছায় রক্তদান করেন।

****************************

**NEET, PG :**

আগামী ১৫ই জুন অনুষ্ঠেয NEET, PG 2025 আরো কিছু পরীক্ষা কেন্দ্র এবং প্রয়োজনীয় পরিকাঠামোর ব্যবস্থা করার জন্য স্থগিত করা হয়েছে। জাতীয় মেডিকেল সায়েন্সেস বোর্ডের বিজ্ঞপ্তিতে বলা হয়েছে যে NEET-PG 2025 এর পরবর্তী তারিখ শীঘ্রই জানানো হবে।

*****************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের পশ্চিম, খোয়াই এবং দক্ষিণ জেলায় বিক্ষিপ্তভাবে ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাতের সর্তকতা জারি করেছে আবহাওয়া দপ্তর। এছাড়া বাকি অন্য সব জেলায় বিক্ষিপ্তভাবে বজ্র বিদ্যুৎ সহ ঘন্টায় ৪০ থেকে ৫০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া সহ ভারী বৃষ্টিপাতের ও সতর্কতা জারি করা হয়েছে। আজ সকাল সাড়ে আটটা থেকে সন্ধ্যা সাড়ে পাঁচটা পর্যন্ত আগরতলায় বৃষ্টি হয়েছে পনের দশমিক ৬ মিলিমিটার।

আগামীকাল সর্বোচ্চ তাপমাত্রা ৩০ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন তাপমাত্রা ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৮ দশমিক ছয় ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫.৬ ডিগ্রি সেলসিয়াস।

*************************